আপনার ৮ম গ্রেডের সন্তানকে কীভাবে ইংরেজি ভাষা শৈলীর সাফল্যে সহায়তা দিতে পারেন

অষ্টম গ্রেডে, শিক্ষার্থীরা বিশ্বের বিভিন্ন স্থানের এবং বিভিন্ন সময়ের প্রধান ফিকশন এবং ননফিকশন বইগুলি পড়বে। তারা যা পড়ে সেগুলি কীভাবে বুঝতে সেটি শেখা অব্যাহত রাখবে এবং একজন লেখকের ধারণা ও আস্থা মূল্যায়ন করবে। তারা গবেষণাও পরিচালনা করবে যেখানে তথ্যসূত্রের বিশ্লেষণের আবশ্যিকতা এবং সাহিত্য ও তথ্যমূলক টেক্সটের সঠিক ব্যাখ্যা থাকে।

যেসব কর্মকাণ্ড আপনি বাড়িতে করতে পারেন:

প্রস্তুত হোন

সিটিওয়াইড জরুরি পরিস্থিতি সৃষ্টি হলে আপনার সন্তান কী করবে? আপনার সন্তানকে জরুরি পরিস্থিতির প্রস্তুতি বিষয়ে গবেষণা করতে বলুন। সে লাইব্রেরির বই অথবা অনলাইনে http://www.nyc.gov/readyny ওয়েবসাইট ব্যবহার করতে পারে। স্কুলে থাকলে সে যা করতো সেটিই তাকে বিবেচনা করতে বলুন? বাড়িতে থাকলে কী হতো? তার গবেষণার ভিত্তিতে তাকে আপনার পরিবারের জন্য একটি জরুরি পরিকল্পনা তৈরি করতে দিন, এবং সেটি আপনাকে দিতে বলুন। আপনি কী পদক্ষেপ গ্রহণ করতেন?

ভবিষ্যত ভবনা

কলেজে ভর্তির ব্যাপারে আগে থেকে কথা শুরু করুন। আপনার সন্তানের সাথে একটি স্থানীয় কলেজ ক্যাম্পাস সফর, অথবা অনলাইনে রিসার্চ করার কথা বিবেচনা করুন। কলেজ থেকে তার প্রত্যাশা কী? কলেজের জন্য প্রস্তুত হতে আপনার সন্তানকে হাই স্কুলে কোন্ কোর্সগুলি পাস করতে হবে?

আমাকে হারাও!

আপনার সন্তানকে শব্দভাণ্ডার গড়তে সহায়তা দিন এবং একইসাথে তাকে তার জ্ঞান প্রদর্শনের সুযোগ দিন। বর্ণমালা থেকে একটি হরফ (যেমন "C") এবং একটি বিষয়(যেমন গণিত) বেছে নিন। তারপর পালাক্রমে আপনি এবং আপনার শব্দ বের যা বিষয়ের বিবরণ দেয় (যেমন calculations, cosine, এবং calculator)-এবং এভাবে শব্দ শেষ হয়ে না যাওয়া পর্যন্ত খেলাটি খেলুন। এরকম বিভিন্ন বিষয় এবং বর্ণ নিয়ে একে অপরকে চ্যালেঞ্জ দিন।

আপনার সন্তানকে সহায়তাদানের কিছু টুকিটাকি বিষয়:

- আপনার সন্তানকে একটি জার্নাল রাখতে সহায়তা দিন। বাড়ি এবং স্কুলে যা ঘটে অথবা আপনার সন্তান যেসব বিষয় মনে রাখতে চায়, সেসব জিনিসগুলো তাকে লিখে রাখতে উত্সাহিত করুন।
- একটি পারিবারিক রিডিং ক্লাব চালু করুন। এর জন্য সবখানে আপনি ফ্রি-তে বিভিন্ন সরঞ্জাম পাবেন - আলোচনার জন্য প্যামপ্লেট, ব্রোসিওর এবং ফ্লায়ার।

বাড়তি তথ্যসূত্র:

http://www.engageny.org/parent-guides-to-the-common-core-standards

http://www.merriam-webster.com/game

আপনার ৮ম গ্রেডের সন্তানকে কীভাবে ইংরেজি ভাষা শৈলীর সাফল্যে সহায়তা দিতে পারেন

অষ্টম গ্রেডে, শিক্ষার্থীরা তাদের ইউনিট হার এবং অনুপাতের মধ্যে যে যোগসূত্র আছে সেই ধারণাগুলোকে লাইনের পয়েন্টের সাথে যোগ করে তাকে একটি নতুন স্তরে নিয়ে যাবে এবং শেষ অব্দি সরল সমীকরণে ব্যবহার করবে যেখানে অ্যালজেবরার যুক্তি প্রয়োগ আবশ্যিক, এছাড়া এতে অংকের বিভিন্ন বৈশিষ্ট্যের জ্ঞানও জরুরি। শিক্ষার্থীরা যুক্তিসম্মত সংখ্যার বাইরে যেসব সংখ্যা যুক্তিসম্মত নয় সেগুলির ধারণাও বৃদ্ধি করবে।

যেসব কর্মকাণ্ড আপনি বাড়িতে করতে পারেন:

কত উপায় আছে?

আপনার সন্তানের সাথে যখন সিটিতে বের হন বিভিন্ন উপায়ে তাকে অনুমান করার সুযোগ দিন। যেমন, দুজনে একটি বিল্ডিংয়ের দিকে দেখুন। আপনার সন্তানকে এমন একটি সমীকরণ দিতে বলুন যেখানে বিল্ডিংয়ে কতগুলো জানালা আছে তা না গুনে অনুমান করা যায়।

উত্তর: বিল্ডিংটি কত তলার গুণ প্রতি তলায় কতগুলি জানালা আছে = বিল্ডিংয়ে জানালার সংখ্যা।

দেরি করবেন না!

বাস অথবা ট্রেনের জন্য অপেক্ষা করলে প্রতিদিন সময় নষ্ট হতে পারে। স্কুলে যাতায়াতে আপনার সন্তানের কতটা সময় লাগে? তাকে এই সময় নিয়ে একটি সমীকরণ তৈরি করতে দিন। যদি সে ট্রেন মিস করে তাহলে কী হতে পারে এবং তার কী দ্বিগুণ সময় লাগে?

উদাহরণ:

x = স্টেশনে যেতে যেসময় লাগে y = প্ল্যাটফর্মে অপেক্ষার সময় C = স্কুলের পথে যেসময় লাগে D = যাতায়াতে দেরি হলে যেসময় লাগে

z = ট্রেনে যতটুকু সময় লাগে C = x + y + z D = x + 2y + z

বাজেট তৈরি করুন

বাড়ির নিয়মিত ব্যবহার করেন এমন একটি জিনিসের কথা ভাবুন। এটি একটি খাবারের জিনিস অথবা অন্য কোন কিছু হতে পারে যেমন লন্ড্রিতে ব্যবহারের ডিটারজেন্ট যার অর্থ সাবান। আপনার সন্তানকে এই জিনিসটির প্রতি সপ্তাহের ব্যবহারের একটি খতিয়ান রাখতে বলুন। তাকে বছরের বাকি সময়ের জন্য সাবান ব্যবহারের একটি পরিকল্পনা অথবা বাজেট তৈরি করতে দিন।

এই খতিয়ান রাখায় তাকে সহায়তাদানে, আপনার সন্তানকে একটি সমীকরণ তৈরি করতে বলুন। এই সমীকরণে এক বছরে কতবার জিনিসটি ব্যবহৃত হবে সেটি তাকে অনুমান করে নিতে বলুন। দাম কত হবে সেটিও তাকে অনুমান করে নিতে হবে। উদাহরণস্বরূপ:

1. x = প্রতি সপ্তাহে লন্ড্রিতে লোডের সংখ্যা
2. প্রতি লোডে ডিটারজেন্টের খরচ $0.99
3. x(52) = বছরে লোডের সংখ্যা
4. x(52)(.99) = প্রতি বছরে লন্ড্রি ডিটারজেন্টের খরচ
5. 51.48x = প্রতি বছরে লন্ড্রি ডিটারজেন্টের জন্য খরচ

আপনার সন্তানকে সহায়তাদানের কিছু টুকিটাকি বিষয়:

- আপনার সন্তানকে দৈনন্দিন জীবনের বিভিন্ন উপাত্তের মধ্যে একটি যোগসূত্র খুঁজতে সহায়তা করুন। উদাহরণস্বরূপ, তাকে ঘুমের সময়টি এবং সকালে কতবার সে স্নুজ বাটনটিতে চাপ দেয় সেটির তুলনা করতে দিন।
- গণিত কীভাবে কিছু নির্দিষ্ট পেশায় ব্যবহৃত হয় সেটি আপনার সন্তানকে অনুসন্ধান করতে দিন, যেমন চিকিত্সায় (প্রেসক্রিপশন লেখায় অথবা চিকিত্সার পরিকল্পনায়) অথবা ব্যবসায়(বাজেট করায়)। এই ব্যাপারটি নিয়ে একটি সুন্দর আলোচনা হতে পারে এবং শিক্ষার্থীদেরকে তাদের ভবিষ্যত আকাঙ্ক্ষা সম্পর্কে ভাবনা শুরু সুযোগ প্রদান করে।

বাড়তি তথ্যসূত্র:

http://commoncoreworks.org/site

http://powermylearning.org